# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 JULY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ভারতীয় মহাকাশচারী ক্যাপ্টেন শুভাংশু শুক্লা সহ Axiom -4 অভিযানের অন্য তিনজন মহাকাশচারীর আজ পৃথিবীতে প্রত্যাবর্তন।

২) রাজ্যে মোট ১ লক্ষ  ১৯ হাজার ৫৪৮ বিঘা জমি অবৈধ দখলমুক্ত হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

৩) কোকরাঝারে রাজ্যের তৃতীয় উচ্চ মান সম্পন্ন ক্রীড়া প্রকল্পের উদ্ভোধন ।
এবং

৪) দীর্ঘ ৫৫ দিন বন্ধ থাকার পর বদরপুরঘাটের  গ্যামন সেতু আজ পুনরায় নির্দিষ্ট ওজন বহনকারী যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় মহাকাশচারী কেপ্টেন শুভাংশু শুক্লা সহ Axiom -4 অভিযানের অন্য তিনজন মহাকাশচারী ১৮ দিন ব্যাপী অভিযানের শেষে আজ পৃথিবীতে ফিরে এসেছে ।অভিযানের অংশ হিসেবে আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে গবেষণার পর ড্রেগন ক্যাপসুলের সহায়তায় মহাকাশচারীরা প্রশান্ত মহাসাগরে অবতরণ করে ।এই অভিযানের সাফল্যের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে মহাকাশচারীদের অভিনন্দন জানান ।অবতরণের পর গ্রুপ কেপ্টেন শ্রী শুক্লা সহ অন্যান্য মহাকাশচারীরা পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির সঙ্গে পুনরায় স্বাভাবিক হওয়ার জন্য সাতদিনের বিশেষ কার্যসূচী গ্রহণ করবেন ।উল্লেখ্য শ্রী শুক্লা আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র ভ্রমন করা প্রথম ভারতীয় এবং

১৯৮৪ সালে মহাকাশে যাওয়া উইং কমান্ডার রাকেশ শর্মার পর দ্বিতীয় ভারতীয় মহাকাশচারী হিসেবে পরিগণিত হয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের মোট ১ লক্ষ ১৯ হাজার ৫৪৮ বিঘা জমি বেদখলমুক্ত করা হয়েছে । এরমধ্যে ৮৪ হাজার ৭৪৩ বিঘা বনাঞ্চল , ৩ হাজার ৬৪৩ বিঘা গ্রামাঞ্চলের খালি জমি এবং সংরক্ষিত খালি জমি , ৪ হাজার ৪৪৯ বিঘা সত্র - নামঘর মন্দিরের জমি জমি রয়েছে । বেদখলমুক্ত করা জমি গুয়াহাটী মহানগরির সমান আকারের বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেন যে উচ্ছেদ করা জমির মধ্যে শোনিতপুরে সর্বাধিক ৩৯ হাজার ৫২৭ বিঘার ও অধিক , দরঙে ১৭ হাজার ৯০৫ বিঘা এবং লক্ষিমপুরে ১৩ হাজার ৪৮১ বিঘা জমি রয়েছে ।সংরক্ষিত বনাঞ্চলের জমি বেদখলমুক্ত করার ফলে রাজ্যে নতুন পরিবেশ ফিরে এসেছে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন । তিনি বলেন যে ব্যাপক অনুপ্রবেশ এবং জেলাসমুহের জনবিন্যাসের পরিবর্তনের অভিসন্ধিতে পরিকল্পিত দখলের ফলে আসামের অস্তিত্ব সংকটের সম্মুখীন হচ্ছে ।এই উচ্ছেদ অভিযানকে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী দিয়ে গ্রহণ না করতে মুখ্যমন্ত্রী আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নেতৃত্বে রাজ্যের সরকারী জমি , সংরক্ষিত বনাঞ্চল , জলাশয় , ধর্মীয় ও ঐতিহাসিক অঞ্চলগুলো বেদখলমুক্ত করার জন্য রাজ্য সরকারের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে আজ বিজেপির পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন স্থানে মুখ্যমন্ত্রী ডঃ শর্মাকে ধন্যবাদ জ্ঞাপন করার কর্মসূচী গ্রহণ করা হয়েছে ।এর অংশ হিসেবে কাছাড় জেলা বিজেপি ও আসাম প্রেমি সমাজের পক্ষ থেকে শিলচরে এক পদযাত্রার আয়োজন করা হয় ।ইটখলা জেলা বিজেপি কার্যালয় থেকে এই পদযাত্রা বের হয়ে গোলদিঘি মলের সম্মুখে সমবেত হয় । পদযাত্রায় রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ , শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , জেলা বিজেপি সভাপতি রূপম সাহা সহ বহু কর্মী সমর্থকরা অংশগ্রহণ করে ।
শ্রীভূমি জেলা বিজেপির পক্ষ থেকেও রাজ্যের সরকারী জমি , সংরক্ষিত বনাঞ্চল ইত্যাদি বেদখলমুক্ত করার জন্য মুখ্যমন্ত্রী ডঃ শর্মাকে ধন্যবাদ জানিয়ে এক পদযাত্রার আয়োজন করা হয় ।পদযাত্রায় রাজ্যের মৎস্য ও পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , প্রাক্তন রাজ্যসভা সাংসদ মিশন রঞ্জন দাস , শ্রীভূমি পৌরসভার পৌরপতি রবীন্দ্র চন্দ্র দেব প্রমুখ অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

আজ দেশে দক্ষ ভারত অভিযানের  দশম বার্ষিকী উদযাপন করা হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৫ সালে এই অভিযানের সূচণা করেছিলেন ।  এর মাধ্যমে দেশের যুব প্রজন্মের  নিযুক্তি লাভ  , উদ্যমিতা ও বহনক্ষম  জীবন যাপনের জন্য উপযোগী দক্ষতায় পরিপূর্ন করে তোলার লক্ষ্য নেওয়া হয়েছিল । কেন্দ্রীয় দক্ষতা বিকাশ ও উদ্যমিতা মন্ত্রী জয়ন্ত চৌধুরী যুব প্রজন্মকে ব্যবহারিক ও বিভিন্ন ক্ষেত্রে কাজ করার জন্য দক্ষ করে তোলার ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতিবদ্ধতার কথা উল্লেখ করেন ।তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দক্ষ ভারত অভিযান বিশেষকরে মহিলা ও আর্থিকভাবে পিছিয়েপড়া শ্রেনীর জীবন ধারনের মান উন্নত করে তুলতে সহায়তা করে আসছে । দক্ষ ভারত হচ্ছে কেন্দ্রীয় সরকারের এক প্রচেষ্টা  যার মাধ্যমে যুব প্রজন্মকে নিযুক্তি লাভে দক্ষ করে তোলা ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় আইন ও ন্যায় মন্ত্রনালয় বিচারপতি অশোক কুমারকে গৌহাটী হাইকোর্টের মুখ্য বিচারপতি হিসেবে নিযুক্তি প্রদান করেছে ।এর পূর্বে শ্রী কুমার পাটনা হাইকোর্টের বিচারপতি হিসেবে কর্মরত ছিলেন ।উল্লেখ্য গৌহাটী হাইকোর্টের পূর্বের মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণয়কে সুপ্রিমকোর্টের বিচারপতি হিসেবে নিযুক্তি প্রদান করার পর সুপ্রিম কোর্টের কলেজিয়াম শ্রী কুমারকে গৌহাটী হাইকোর্টের মুখ্যবিচারপতি হিসেবে নিযুক্তি প্রদান করার বিষয়ে অনুমোদন জানায় ।

---------------------------------------------------------------------------------------

রাষ্ট্রসংঘের খাদ্য কার্যসূচীর অধীনে আসাম সরকারের খাদ্য , অসামরিক সরবরাহ এবং গ্রাহক পরিক্রমা বিভাগ রাজ্যের শিশু ও মহিলাদের রক্তাল্পতা দূর করার জন্য পুষ্টি প্রথম নামের একটি প্রকল্প রূপায়ন করছে । এই প্রকল্পের অধীনে গণবন্টন ব্যবস্থা এবং মধ্যাহ্ন ভোজন প্রকল্পের জন্য সরবরাহ করা চালে ফর্টিফাইড অর্থাৎ পোষণযুক্ত চাল মিশিয়ে সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

তৃণমূল পর্যায় থেকে  ক্রীড়ার অনুকুল পরিবেশ সৃষ্টির জন্য আসাম সরকারের গৃহীত পদক্ষেপের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ কোকরাঝারে রাজ্যে তৃতীয় উচ্চ মান সম্পন্ন ক্রীড়া প্রকল্পের উদ্বোধন করেন । ক্রীড়া সম্পর্কিত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও পুর্নবাসনের জন্য এই কেন্দ্রটি স্থাপন করা হয়েছে । রাজ্য সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগ , ওয়েল ইন্ডিয়া লিমিটেড ,  নুমলীগড় শোধনাগার লিমিটেডের সহযোগীতায় কেন্দ্রটি স্থাপনের ক্ষেত্রে অলিম্পিক পদক বিজয়ী অভিনব বিন্দ্রা বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছেন ।২৫ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে নির্মান

করা কেন্দ্রটিতে উন্নত ক্রীড়া প্রযুক্তি , তৃণমূল পর্যায়ের এথলিটের বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান ও তাদের যোগ্যতা নিরুপনের ব্যবস্থা রয়েছে । মুখ্যমন্ত্রী ভাষন প্রসংগে বলেন যে রাজ্য সরকার বিটিআরের ক্রীড়া প্রতিভাকে প্রেরণা দেওয়ার উদ্দেশ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে ।কোকরাঝারে বহু ক্রীড়া প্রতিভা থাকার পরিপ্রেক্ষিতে তাদের উন্নয়নে সহায়তার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে বলে ড: শর্মা জানান ।উদ্বোধনী অনুষ্ঠানে বিটিসির মুখ্য কার্যবাহী সদস্য প্রমোদ বড়ো ও ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী নন্দিতা গালোসা উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

বদরপুরঘাটের গ্যামন সেতু দীর্ঘ ৫৫ দিন বন্ধ থাকার পর আজ পুনরায় সাধারন মানুষের ব্যবহারের জন্য খুলে দেওয়া হয়েছে । রাজ্যের মন্ত্রী কৌশিক রাই ও কৃষ্ণেন্দু পাল আজ বিকেলে পুনরায় যান চলাচলের জন্য এই সেতু আনুষ্ঠানিকভাবে খুলে দিয়েছেন । উল্লেখ্য বরাক নদীর উপর নির্মিত সবচেয়ে পুরনো সেতু হচ্ছে গ্যামন সেতু । ১৯৬৭ সালে গ্যামন সেতু নির্মান করা হয় । গত ২১শে মে সেতুর কয়েকটি স্থানে ফাটল দেখা দেওয়ায় , সেতুর সংস্কার কাজ শুরু করা হয় । সেতু উদ্বোধন করে মন্ত্রী কৌশিক রাই আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে জানান ----

বাইট

--------------------------------------------------------------------------------

এদিকে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে গ্যামন সেতুর কাঠামোগত স্থায়িত্ব অক্ষুন্ন রাখতে এবং জন নিরাপত্তা নিশ্চিত করতে সেতুর উপর যান চলাচলের ক্ষেত্রে কিছু বিধিনিষেধ জারী করা হয়েছে । নির্দেশনা অনুযায়ী আগামী ১৯শে জুলাই থেকে ৪০ টনের বেশী ওজন বহনকারী কোন যানবাহন এই সেতুর উপর দিয়ে চলাচল করতে পারবে না । পাশাপাশি সেতু ব্যবহারকারী কোন যানবাহনের গাড়ির গঠন যদি অনুমোদনহীনভাবে পরিবর্তন করা হয়ে থাকে ,তাও কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে । চব্বিশ ঘন্টা নজরদারী রাখতে সেতুর দু-পাশে জেলা প্রশাসন থেকে নজরদারীর ব্যবস্থা করা হবে ।

--------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি সম্পর্কিত বিষয়ে একাংশ অসাধু ব্যাক্তি ভূয়ো প্রতিশ্রুতি দিয়ে ছাত্র ছাত্রীদের প্রতারনা করছে বলে জানার পর আসাম বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ এক্ষেত্রে কঠোর স্থিতি গ্রহণ করেছে । বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ড: প্রদোষ কিরণ নাথ

সরকারী বিজ্ঞপ্তী জারি করে বলেছেন একাংশ অসাধু ব্যাক্তি সি ইউ ই টিতে কম নম্বর পাওয়া ছাত্র ছাত্রীদের থেকে অর্থ নিয়ে  বিশ্ববিদ্যালয়ে সহজে ভর্তি করে দেওয়ার ভূয়ো প্রতিশ্রুতি দিচ্ছে । বিজ্ঞপ্তীতে আরো বলা হয়েছে যে আসাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া শুধু মেধার ভিত্তিতে হয় । ভর্তি সম্পর্কিত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ডব্লু ডব্লু ডব্লু . এ ইউ এস . এ সি . ইন দেখতে বলা হয়েছে ।

এদিকে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ এধরণের অসাধু কাজে জড়িত  ব্যাক্তিদের বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

রাজ্যের প্রাক্তন ফুটবলার গোবিন্দ গোয়ালা আজ সকালে শিলচরের একটি বেসরকারী নার্সিং হোমে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৮৮ । উল্লেখ্য ১৯৭৪ সালে আন্ত জেলা ফুটবল প্রতিযোগীতায়  প্রয়াত গোয়ালা কাছাড় দলের প্রতিনিধি হিসেবে অংশগ্রহন করেন । তিনি পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখায় আধিকারীক হিসেবে কর্ম জীবন অতিবাহিত করেছিলেন ।

-------------------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় লেনরুয়াল এফ সি ৫-৪ গোলে টুপিধার সিংলাং এফ সি-কে পরাজিত করে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় এভারেষ্ট ক্লাব খেলবে সনবাড়ী এফ সি-র বিরুদ্ধে ।

-------------------------------------------------------------------------------------------